# প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা, ২০১৭

## বিষয় ঃ বাংলা

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

[দক্ষিন পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক ]

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১, ২, ৩ ও ৪ নম্বর ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখ :**

মাটির তৈরি শিল্পকর্মকে আমরা বলি মাটির শিল্প বা মৃৎশিল্প। এ শিল্পের প্রধান উপকরণ হলো মাটি। তবে সব মাটি দিয়ে এ কাজ হয় না। দরকার পরিষ্কার এঁটেল মাটি। এ ধরনের মাটি বেশ আঠালো। দোআঁশ মাটি তেমন আঠালো নয়। আর বেলে মাটি তো ঝরঝরে– তাই এগুলো দিয়ে মাটির শিল্প হয় না। এঁটেল মাটি হলেই যে তা দিয়ে শিল্পের কাজ করা যাবে তাও নয়। এজন্য অনেক যত্ন আর শ্রম দরকার। দরকার হাতের নৈপুণ্য ও কারিগরি জ্ঞান। কুমারদের কাছে এসব খুব সহজ। কারণ তারা বংশ পরম্পরায় এ কাজ করে আসছে। আবার এ কাজের জন্য প্রয়োজন কিছু ছোটখাটো যন্ত্রপাতি ও সরঞ্জাম। সবকিছুর আগে যেটা দরকার তা হলো একটা কাঠের চাকা। এই চাকায় নরম মাটির তাল লাগিয়ে নেন কুমাররা। তারপর চাকাটি জোরে ঘোরান। আর হাত দিয়ে মাটির তাল ধরেন। এভাবে নানা আকারের মাটির পাত্র ও নানা জিনিস তৈরি করেন কুমাররা। *[শখের মৃৎশিল্প]*

Teachingbd24.com

১। **সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ :** ১ × ৫ = ৫

(১) **আলোচ্য অনুচ্ছেদে কোন বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে?**
(ক) মাটির প্রকারভেদ (খ) মৃৎশিল্প
(গ) তাঁত শিল্প (ঘ) কুমারদের জীবনযাপন

(২) **মৃৎশিল্পের জন্য কোন মাটি সবচেয়ে ভালো?**
(ক) বেলে মাটি (খ) এঁটেল মাটি (গ) দোআঁশ মাটি (ঘ) পলি মাটি

(৩) **মৃৎশিল্পের প্রধান উপকরণ কোনটি?**
(ক) পানি (খ) মাটি
(গ) যন্ত্রপাতি (ঘ) কাঠের চাকা

(৪) **মৃৎশিল্পের জন্য প্রথমে দরকার হয়–**
(ক) মাটি (খ) যন্ত্রপাতি
(গ) কাঠের চাকা (ঘ) কুমার

https://teachingbd24.com

(৫) কারা মৃৎশিল্পের কাজ খুব সহজে করতে পারেন?

(ক) কামাররা (খ) কুমাররা

(গ) জেলেরা (ঘ) চাষিরা

২। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ : ১ + ২ + ২ = ৫

(ক) মৃৎশিল্প কাকে বলে?

(খ) দোআঁশ এবং বেলে মাটিতে মৃৎশিল্প হয় না কেন তা দুটি বাক্যে লেখ।

(গ) মৃৎশিল্পের জন্য মাটি ছাড়া আর কী কী দরকার তা দুটি বাক্যে লেখ।

৩। নিচের শব্দগুলোর অর্থ লেখ : ১ × ৫ = ৫

উপকরণ, মৃৎশিল্প, সরঞ্জাম, ঝরঝরে, নৈপুণ্য।

৪। প্রদত্ত অনুচ্ছেদটির মূলভাব লেখ। ৫

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৫, ৬ ও ৭ নম্বর প্রশ্নের উত্তর লেখ :**

নিঝুমবনে থাকত এক সাদা হাতি। সে তার বৃদ্ধা মাকে খুব ভালোবাসত। বন থেকে খাবার এনে আগে সে মাকে খাওয়াত, তারপর নিজে খেত। তাকে কোনো কাজ করতে দিত না সে। কীসে মা ভালো থাকবে– এই ছিল তার সমসময়ের চিন্তা। একবার সেই নিঝুমবনে এসে একজন লোক পথ হারিয়ে ফেলল। সাদা হাতি লোকটির কাছে গিয়ে বলল, 'তুমি আমার পিঠে চড়ে বস। আমি তোমাকে বনের বাইরে পৌঁছে দিয়ে আসি।' বনের শেষ সীমানায় এসে লোকটিকে পিঠ থেকে নামিয়ে দিয়ে হাতিটি বলল, 'এবার তুমি ফিরে যাও।' শহরে এসে লোকটি শুনল রাজার লোকেরা ঢেঁড়া পিটিয়ে বলছে, 'মহারাজের হাতিটি মারা গেছে। তার একটা নতুন হাতি চাই। দেখতে সুন্দর, তেজি একটি অল্প বয়স্ক সাদা হাতির খোঁজ দিতে পারলে রাজা তাকে বক্‌শিশ দেবেন।' শুনেই লোকটি সাদা হাতির উপকারের কথা ভুলে গেল। রাজদরবারে ছুটে গিয়ে বলল, 'মহারাজ নিঝুমবনে আমি একটি সুন্দর হাতি দেখে এসেছি। আপনি বললে ওটাকে ধরে আনতে পারি।' রাজা বলেন, 'বেশ তো! তাহলে তাই কর।' লোকটি কয়েকজন সেপাই আর মাহুত নিয়ে হাতিটিকে জোর করে ধরে আনলো। হাতিটি তার মায়ের দিকে ফিরে ফিরে কাঁদতে লাগল। কান্নারত হাতিকে রাজার সামনে হাজির করলে রাজা হাতির কাছে কান্নার কারণ জানতে চাইল। সব শুনে রাজা তার লোকদের বললো,

https://teachingbd24.com

'হাতিটিকে ওর মায়ের কাছে দিয়ে এসো। আর যে লোকটি উপকার করা সত্ত্বেও হাতিটিকে আমার কাছে ধরে এনেছে তাকে আটকে রাখ।' এভাবেই লোকটির তার কৃতকর্মের সাজা পেল।

**৫। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ :** ১ × ৫ = ৫

**(১) লোকটি কোথায় ছুটে গেল?**

(ক) কাজির দরবারে (খ) রাজার দরবারে

(গ) নিঝুমবনে (ঘ) হাতির কাছে

**(২) রাজা হাতিটিকে ছেড়ে দিয়ে কেমন কাজ করলেন?**

(ক) প্রশংসার (খ) দোষের

(গ) স্বাভাবিক (ঘ) শাস্তির

**(৩) রাজা কেমন বিচার করেছিলেন?**

(ক) ভুল বিচার (খ) অন্যায় বিচার

(গ) ন্যায়বিচার (ঘ) পক্ষপাতদুষ্ট বিচার

**(৪) রাস্তা থেকে হেঁটে যাওয়ার সময় তুমি দেখতে পেলে ঝোপের ধারে ছোট্ট গাছে টুনটুনির বাসা থেকে একটি ছানা মাটিতে পড়ে গেছে। এক্ষেত্রে ছানাটিকে তুমি কী করবে?**

(ক) বাড়ি নিয়ে যাব (খ) খাবার খেতে দেব

(গ) পাখির বাসায় তুলে রাখব (ঘ) মা পাখির জন্য অপেক্ষা করব

**(৫) উপরের অনুচ্ছেদের মতো পরিস্থিতিতে পড়লে তুমি কার মতো কাজ করবে?**

(ক) লোকটির (খ) মাহুতের (গ) সেপাইর (ঘ) রাজার

**৬। নিচে কয়েকটি শব্দ ও শব্দার্থ দেওয়া হলো। উপযুক্ত শব্দটি বাছাই করে নিচের বাক্যগুলোর শূন্যস্থান পূরণ করে উত্তরপত্রে লেখ :** ১ × ৫ = ৫

| শব্দ | শব্দার্থ |
|---|---|
| খোঁজ | সন্ধান |
| নিঝুম | নীরব/নিঃশব্দ |
| সীমানায় | প্রান্তে/গণ্ডিতে |
| মাহুত | হাতি চালায় যে |
| বৃদ্ধা | প্রবীণ মহিলা |
| ঢেঁড়া | ঢাক |
| চড়ে | আরোহণ করে/কোনোকিছুর উপর উঠে |

https://teachingbd24.com

(ক) পথচারীরা —— বনে পথ হারালো।

(খ) বাসে —— ঢাকা যাব।

(গ) লোকটি —— কে সাথে নিয়ে হাতিটিকে ধরে আনলো।

(ঘ) বনের শেষ —— এসে লোকটি বোঝাটিকে নামিয়ে দিল

(ঙ) ভালোভাবে —— না নিলে সঠিক তথ্য পাওয়া যায় না।

৭। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ :

(ক) সাদা হাতিটি কোথায় থাকত? সে তার মাকে কী রকম ভালোবাসত? চারটি বাক্যে লেখ। ১ + ৪ = ৫

(খ) লোকটি কেন শাস্তি পেল? দুটি বাক্যে লেখ। হাতির কান্নার কারণ কী ছিল? তিনটি কারণ লেখ। ২ + ৩ = ৫

(গ) কোন কোন কাজের মাধ্যমে তুমি তোমার মা-বাবার সেবা করতে পার? পাঁচটি কাজের নাম লেখ। ৫

৮। **নিচের যুক্তবর্ণগুলো ভেঙে দেখাও ও প্রতিটি যুক্তবর্ণ দিয়ে তৈরি শব্দ দ্বারা একটি করে বাক্য রচনা কর :** ২ × ৫ = ১০

(ক) ণ্ট (খ) ক্ষ (গ) ম্ল (ঘ) ন্ধ (ঙ) জ্ঞ।

৯। **নিচের অনুচ্ছেদটিতে বিরামচিহ্ন বসিয়ে উত্তরপত্রে লেখ :** ৫

নকল রানি বানায় পিঠা সে পিঠা কেউ মুখেও তুলতে পারে না এমনই বিস্বাদ দুখিনী কাঞ্চনমালা বানান চন্দ্রপুলি মোহনবাঁশি পিঠা

১০। **নিচের বাক্যগুলোকে এককথায় প্রকাশ কর :** ১ × ৫ = ৫

(ক) সাদরে গ্রহণ

(খ) যা কষ্টে ভেদ করা যায়

(গ) যার মূল্য নির্ধারণ করা যায় না

(ঘ) নদী ও সাগরের ঢেউ

(ঙ) শক্তি আছে যার

১১। **নিচের শব্দগুলোর বিপরীত শব্দ লেখ :** ১ × ৫ = ৫

(ক) বিষাদ (খ) নিষ্ঠুর (গ) তেতো (ঘ) সরব (ঙ) শুকনো।

১২। **নিচের কবিতাংশটুকু পড়ে ক, খ ও গ নং প্রশ্নগুলোর উত্তর লেখ :**

আমরা ঘাসের ছোট ছোট ফুল
হাওয়াতে দোলাই মাথা,
তুলো না মোদের দলো না পায়ে

teachingbd24.com

ছিঁড় না নরম পাতা।
শুধু দেখ আর খুশি হও মনে
সূর্যের সাথে হাসির কিরণে
কেমন আমরা হেসে উঠি আর
দুলে দুলে নাড়ি মাথা।

(ক) ঘাসফুলগুলো কী রকম? কীসে তারা মাথা নাড়ায়? ১+১=২

(খ) কবিতাংশটির মূলভাব পাঁচটি বাক্যে লেখ। ৫

(গ) তুমি কীভাবে বাড়ির আঙিনার ফুল বাগানের যত্ন নেবে? তিনটি পদ্ধতি লেখ। ৩

১৩। মনে কর, তোমার নাম নবীন/নাহিদা। তোমার পিতার নাম নাদের আলী, মাতার নাম নাদিরা জাহান। তুমি চলিশা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র/ছাত্রী। শাপলা কাব এওয়ার্ড পাওয়ার আবেদন করার জন্য নিচের ফরমটি পূরণ কর : ৫

**শাপলা কাব এওয়ার্ড আবেদন ফরম**

১. প্রার্থীর নাম : ........................................

২. (ক) মাতার নাম : ........... (খ) পিতার নাম : ..........

৩. বিদ্যালয়ের নাম : ....................................

৪. জন্ম তারিখ : ........................................

৫. যে শ্রেণিতে অধ্যয়নরত : ..............................

Teachingbd24.com

১৪। মনে কর, তোমার নাম শাকিলা/শাকিল। তোমার বন্ধুর নাম সুমনা/শামীম। তোমার বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠানের বর্ণনা দিয়ে তোমার বন্ধুর কাছে চিঠি লেখ। ৫

১৫। নিচের যেকোনো একটি বিষয়ে ২০০ শব্দের মধ্যে রচনা লেখ : ১০

(ক) **মোবাইল ফোন** : *ভূমিকা, আবিষ্কার, উপকারিতা, অপকারিতা, উপসংহার।*

(খ) **জাতীয় ফুল শাপলা** : *ভূমিকা, আকার-আকৃতি, কোথায় পাওয়া যায়, ব্যবহার, উপসংহার।*

(গ) **বর্ষাকাল** : *ভূমিকা, প্রাকৃতিক রূপ, উপকারিতা, অপকারিতা, উপসংহার।*

(ঘ) **প্রিয় খেলা** : *ভূমিকা, উৎপত্তি, বর্ণনা, কেন প্রিয়, উপসংহার।*

https://teachingbd24.com